দৈনিক বাংলা

তারিখ 21 APR 1989
পৃষ্ঠা ... ৩ ... কলাম ... ৭ ...

36

## সন্ত্রাসের জন্য জামায়াত-শিবির দায়ী : বিভিন্ন ছাত্র সংগঠন

ডাকসু এবং রাকসুসহ বিভিন্ন ছাত্র সংগঠন পৃথক বিবৃতিতে অভিযোগ করেছে যে, জামায়াত শিবির রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সশস্ত্র সন্ত্রাস চালিয়েছে।

(শেষ পৃঃ ৪-এর কঃ দ্রঃ)

## ছাত্র সংগঠন

(১-এর পৃঃ পর)

ডাকসুর ভিপি সুলতান মোহাম্মদ মনসুর ও জিএস মুশতাক হোসেন তাদের বিবৃতিতে অভিযোগ করেন যে, জামায়াত শিবির গতকাল সকালে রাজশাহী বিশ্ববিদ্যালয়ের ভিসির বাসভবনে হামলা, গুলি বর্ষণ, বোমাবাজী ও তাকে হত্যার চেষ্টা চালায়।

রাকসুর বিবৃতিতে জামায়াত শিবিরের সন্ত্রাসের নিন্দা করা হয় এবং অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ার দাবী জানানো হয়।

জামায়াত শিবিরের তৎপরতার নিন্দা করে আরও বিবৃতি দিয়েছে ছাত্রলীগ (লুৎফর-আসাদ), ছাত্র মৈত্রী ও ছাত্র সংগ্রাম পরিষদ।

**সংগ্রামী ছাত্র জোটের সমাবেশ-মিছিল**

রাজশাহী বিশ্ববিদ্যালয়ে সন্ত্রাস সৃষ্টি ও হত্যাকান্ডের প্রতিবাদে সংগ্রামী ছাত্র জোট বৃহস্পতিবার ঢাকা বিশ্ববিদ্যালয়ে সমাবেশ ও মিছিল করে। সমাবেশে বক্তব্য রাখেন ছাত্রনেতা আসাদুজ্জামান রিপন।

ছাত্রজোট এ সন্ত্রাস সৃষ্টির জন্য ছাত্র সংগ্রাম পরিষদ ও ইসলামী ছাত্র শিবিরকে দায়ী করে। জোট অবিলম্বে বিশ্ববিদ্যালয় খুলে দেয়ারও দাবী জানায়। খবর প্রেস বিজ্ঞপ্তির।